অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/9/2025 **গভর্নর ক্যাথি হোকল**

রিপাবলিকান পার্টির 'বড় কুৎসিত' রিকনসিলিয়েশন বা পুনর্মিলন বিল আইনে পরিণত হলে, নিউ ইয়র্কবাসীর মাসিক স্বাস্থ্য বীমা প্রিমিয়ামে যে ব্যাপক বৃদ্ধি হবে তার নতুন তথ্য প্রকাশ করেছেন গভর্নর হোকল

আমেরিকান রেসকিউ প্ল্যানের, বর্ধিত ট্যাক্স ক্রেডিট বাতিল এবং অন্যান্য আরও পরিবর্তনের ফলে 240,000 এরও বেশি নিউ ইয়র্কবাসী বর্ধিত প্রিমিয়ামের সম্মুখীন হবেন

বর্ধিত ট্যাক্স ক্রেডিট বাতিলের কারণে — গড়ে মাসিক খরচ 228 মার্কিন ডলারের বেশি হতে পারে — দম্পতিদের জন্য যা 38% বৃদ্ধি পাবে

প্রায় 65,000 থেকে 80,000 নিউ ইয়র্কবাসী, প্রায় এক-তৃতীয়াংশ নথিভুক্ত ব্যক্তি, ব্যক্তিগত মার্কেটপ্লেস কভারেজ হারাতে পারেন

বর্ধিত খরচের আঞ্চলিক ব্রেকডাউন এখানে উপলভ্য; কংগ্রেশনাল ডিস্ট্রিক্টের ব্রেকডাউন এখানে উপলভ্য

রিপাবলিকান পার্টির (Grand Old Party, GOP) "বড় কুৎসিত" ("Big Ugly") রিকনসিলিয়েশন বা পুনর্মিলন বিল নিউ ইয়র্কের পরিবারগুলির উপর কতটা ব্যাপক প্রভাব ফেলবে তা দেখিয়ে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ এক নতুন তথ্য প্রকাশ করেছেন। সর্বশেষ বিলটি লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য কভারেজকে মারাত্মকভাবে ব্যাহত করার হুমকি দিচ্ছে। বিমাহীন ব্যক্তির সংখ্যা 1.5 মিলিয়ন বৃদ্ধি এবং নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা ব্যবস্থার বার্ষিক তহবিল থেকে 13.5 বিলিয়ন ডলার ছিনিয়ে নেওয়ার পাশাপাশি, বিলটির কারণে দুর্বল নিউ ইয়র্কবাসীদের বেসরকারী স্বাস্থ্য বীমা প্রিমিয়ামও মারাত্মক বেড়ে যাবে এবং নিউ ইয়র্ক স্টেট অফ হেলথের (State of Health) মাধ্যমে স্টেটের সরকারী হেলথ প্ল্যান মার্কেটপ্লেসে, তালিকাভুক্ত গ্রাহকদের উপর অতিরিক্ত বোঝা চাপিয়ে দেবে।

"রিপাবলিকান পার্টির বড় কুৎসিল বিল লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যসেবা কভারেজ কমিয়ে দেবে এবং মাসিক খরচ কয়েকশো ডলার বাড়িয়ে দেবে," **বলেছেন গভর্নর Hochul (হোকল)।** "নিউ ইয়র্কের রিপাবলিকান প্রতিনিধিদল তাদের নিজস্ব নির্বাচনী এলাকার জন্য রুখে দাঁড়াতে না পারলেও, আমি দাঁড়াবো।"

দেশজুড়ে স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থা, বীমা প্রদানকারী সংস্থা এবং স্টেট নেতারা প্রস্তাবিত আইনটি নিয়ে শঙ্কা প্রকাশ করছেন, যা ফেডারেল স্বাস্থ্যসেবা সহায়তায় কয়েক বিলিয়ন ডলার হ্রাস করবে। নিউ ইয়র্কের এসেনশিয়াল প্ল্যানের তালিকাভুক্ত 1.6 মিলিয়ন মানুষের জন্য কভারেজকে ঝুঁকিপূর্ণ এবং কিছু ক্ষেত্রে সম্পূর্ণরূপে বাদ দেওয়ার পাশাপাশি, বিলটি ব্যক্তিগত স্বাস্থ্য বীমা কেনেন এমন অনেক নিউ ইয়র্কবাসীর জন্য তীব্রভাবে খরচ বৃদ্ধি করবে। আমেরিকান রেসকিউ প্ল্যানের (American Rescue Plan) বর্ধিত প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট বাতিল করার ফলে, স্টেট জুড়ে স্টেটের মার্কেটপ্লেসের মাধ্যমে প্ল্যান ক্রয়কারী 140,000 নিম্ন-আয়ের ব্যক্তি এবং পরিবারের গড়পরতা 38 শতাংশ মানুষের কভারেজের নেট খরচ বৃদ্ধি পাবে। এর ফলে একজন ব্যক্তির জন্য প্রতি মাসে খরচ 114 মার্কিন ডলার এবং একজন দম্পতির জন্য প্রতি মাসে 228 মার্কিন ডলার বৃদ্ধি পাবে।

স্টেট জুড়ে আমেরিকান রেসকিউ প্ল্যানের বর্ধিত প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট বাতিলের কারণে প্রত্যাশিত প্রিমিয়াম বৃদ্ধির সারাংশ নিচে দেখুন:

অঞ্চল	একজন দম্পতির জন্য গড়ে বর্ধিত মাসিক খরচ ($)	একজন দম্পতির জন্য গড়ে বর্ধিত মাসিক খরচ (%)
New York City	$211	38%
Mid-Hudson	$206	31%
Long Island	$219	32%
Capital Region	$231	33%
Western New York	$267	38%
Central New York	$256	43%
Finger Lakes	$248	42%
Mohawk Valley	$270	49%
Southern Tier	$265	48%
North Country	$253	44%
স্টেট ব্যাপী	$228	38%

বর্ধিত প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট বাতিল এবং মার্কিন হাউস রিপাবলিকানের প্রস্তাবিত রিকনসিলিয়েশন বা পুনর্মিলন বিলের অতিরিক্ত বিধানের সম্মিলিত প্রভাব বেশি সুস্থ গ্রাহকদের

বীমা বাজার থেকে দূরে ঠেলে দিয়ে, কম সুস্থ মানুষদের পিছনে ফেলে আরও হার বৃদ্ধির দিকে নিয়ে যাবে। এই চক্রের ফলে বীমা খরচ বেড়ে যাবে এবং ব্যক্তি ও পরিবারের কভারেজ হাতে পাওয়ার সুযোগ কমে যাবে।

নিউ ইয়র্ক স্টেটের হেলথ কমিশনার Dr. James McDonald (ড. জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "ফেডারেল স্বাস্থ্যসেবা সহায়তায় এই প্রস্তাবিত কর্তন সকলের ক্ষতি করবে। এই কর্তন কর্মরত নিউ ইয়র্কবাসীদের কাছ থেকে স্বাস্থ্য বীমা কেড়ে নেয়। নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী মূল্যের এবং সহজলভ্য স্বাস্থ্য বীমা প্রদানের ক্ষেত্রে আমরা যে অগ্রগতি অর্জন করেছি, সেগুলোকে ক্ষুণ্ন করে। মানুষ যখন স্বাস্থ্য বীমা হারায়, তখন তারা প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা ছাড়াই জীবনযাপন বা আর্থিক কষ্টের সম্মুখীন হওয়ার ঝুঁকিতে থাকে।"

ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য নিম্ন-আয়ের ব্যক্তি এবং পরিবারগুলোর প্রিমিয়াম বৃদ্ধির পাশাপাশি, অনুমান করা হচ্ছে যে এই ট্যাক্স ক্রেডিটের বাতিলের ফলে 100,000 জনেরও বেশি নিউ ইয়র্কবাসীর বীমার হার বৃদ্ধি পাবে যারা ব্যক্তিগত বাণিজ্যিক বাজারে কভারেজ কিনছেন, কিন্তু ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য নন। বীমা প্রদানকারীরা অনুমান করেছেন যে আগামী বছর এই গ্রাহকরা এবং পরিবারগুলির বীমা হার 4.3 শতাংশ বৃদ্ধি পাবে শুধুমাত্র এই ক্রেডিট বাতিল হওয়ার কারণে।

প্রাথমিক অনুমান থেকে ইঙ্গিত পাওয়া যায় যে প্রস্তাবিত বিলের ফলে 65,000 থেকে 80,000 মানুষ — স্বতন্ত্র বাজারে তালিকাভুক্তদের প্রায় এক-তৃতীয়াংশ — তাদের কভারেজ হারাবেন। আরও অনেক গ্রাহক উল্লেখযোগ্য নতুন জটিলতার সম্মুখীন হবেন যা কভারেজের জন্য তালিকাভুক্তি এবং পুনর্নবীকরণকে আরও কঠিন করে তুলবে।

প্রস্তাবিত বিলটি নিউ ইয়র্ককে নিজস্ব বাজার পরিচালনা এবং এর বাসিন্দাদের চাহিদা পূরণের ক্ষেত্রে তার নমনীয়তা এবং স্বায়ত্তশাসন থেকে বঞ্চিত করবে, যা স্টেটের উপর ভারী এবং ব্যয়বহুল নতুন প্রশাসনিক বোঝা চাপিয়ে দেবে। বিলের প্রয়োজনীয় পরিবর্তনগুলি বাস্তবায়নের জন্য স্টেট 10 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি নতুন প্রশাসনিক ব্যয়ের প্রত্যাশা করছে।

NY স্টেট অফ হেলথ-এর নির্বাহী কর্মকর্তা Danielle Holahan (ড্যানিয়েল হোলাহান) বলেন, "এই বিলের জটিল প্রভাব সম্পর্কে আমাদের প্রচণ্ড উদ্বেগ রয়েছে, বিশেষ করে যখন প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের মেয়াদ শেষ হওয়ার সাথে মিলিত হয়। নিউ ইয়র্কবাসীদের চিকিৎসা সেবা পেতে সহায়তা করে এমন আর্থিক সহায়তার যোগ্যতা হ্রাস করার ফলে মানুষ ডাক্তারের কাছে যাওয়া, ওষুধ এবং মানসিক স্বাস্থ্যসেবার জন্য বেশি অর্থ ব্যয় করতে বাধ্য হচ্ছে। ইতিমধ্যেই কঠিন পরিস্থিতির সম্মুখীন হওয়া, বিশেষ করে স্টেটের গ্রামীণ অঞ্চলের পরিষেবা প্রদানকারীদের পক্ষে এই প্রস্তাবের অধীনে কার্যক্রম বজায় রাখা সম্ভবপর নাও হতে পারে, যার ফলে নিউ ইয়র্কবাসীদের চিকিৎসা সেবার সুযোগ আরও সীমিত হয়ে পড়বে।"

গত 12 বছরে নিউ ইয়র্ক তার মার্কেটপ্লেস পরিচালনায় অসাধারণ সাফল্য অর্জন করেছে — বর্তমানে 6.7 মিলিয়ন ব্যক্তি কভারেজের আওতায় রয়েছেন — এবং স্টেটব্যাপী বীমাবিহীন অবস্থার হার 5 শতাংশেরও কম অর্জন করেছে, যা সারা দেশের বৃহৎ স্টেটগুলির মধ্যে সর্বনিম্ন

হার। এই বিলটি কভারেজ সম্প্রসারণ এবং স্বাস্থ্যসেবাকে আরও সাশ্রয়ী এবং সহজলভ্য করার ক্ষেত্রে নিউ ইয়র্কের কয়েক দশকের অগ্রগতিকে পিছিয়ে দেবে এবং স্টেট জুড়ে গ্রাহকদের স্বাস্থ্যকে বিপন্ন করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন